চুয়াডাঙ্গায় গার্ল গাইডস্ রেঞ্জার ইউনিট খোলা প্রসঙ্গে শীর্ষক আলোচনা সভা

গার্ল গাইডস্ করবো স্মার্ট বাংলাদেশ গড়বো প্রতিপাদ্য চুয়াডাঙ্গা জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের আয়োজনে ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের অধীনে রেঞ্জার ইউনিট খোলা প্রসঙ্গে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগে ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও জেলা কমিশনার বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন চুয়াডাঙ্গা রেবেকা সুলতানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ।

আলোচনা সভায় চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে গার্ল গাইডস্ এর কার্যক্রম সম্প্রসারণ এবং জেলা পর্যায়ের সকল কলেজগুলোতে রেঞ্জার ইউনিট খোলা বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা গার্ল গাইডস্ অ্যাসোসিয়েশনের সচিব রউফুনাহার।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিল আরা চৌধুরী, রিসোর্স পার্সোনাল হিসেবে উপস্থিত ছিলেন সাবেক উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও সাবেক আঞ্চলিক কমিশনার বাংলাদেশ গার্ল গাইডস অ্যাসোসিয়েশন খুলনা অঞ্চল মিসেস মৌসুফা বেগম, আলোচনা সভায় সমন্বয়ক হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক জাহিদুল হাসান সহ চুয়াডাঙ্গা জেলা গার্ল গাইডস এসোসিয়েশনের আঞ্চলিক কমিশনার ও দামুড়হুদা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের অধ্যক্ষ ফাহমিদা রহমান সহ জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের কর্মকর্তাবৃন্দ সহ বিভিন্ন কলেজ থেকে আগত শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন ।

আলোচনা সভায় উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র

মেহেরপুরে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় শীর্ষক আলোচনা সভা

মেহেরপুরে জেলা পর্যায়ে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় শীর্ষক আলোচনা সভায় অনুষ্ঠিত হয়েছে।

জেলা ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত সভা আজ মঙ্গলবার (২৮ মে) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

আলোচক হিসেবে আলোচনা করেন জেলা মডেল মসজিদের ইমাম মুফতি মোঃ সাদিকুর রহমান।

স্বাগত বক্তব্য রাখেন, জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান।

এছাড়াও এসময় জেলা ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ,ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সম্প্রীতি ও আদর্শ সমাজ গঠনে ইমামদের ভূমিকা শীর্ষক আলোচনা সভা

মেহেরপুর পৌর ইমাম পরিষদের উদ্যোগে সামাজিক সম্প্রীতি ও আদর্শ সমাজ গঠনে ইমামদের ভূমিকা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২২ শে জুলাই) সকাল দশটায় মেহেরপুর কমিউনিটি সেন্টারে মেহেরপুর পৌর ইমাম পরিষদ এর আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর পুরো ইমাম পরিষদের সভাপতি মাওলানা হাসানুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

আরো উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম, পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা উলামা পরিষদের সভাপতি মাওলানা শরিফুল ইসলাম সহ বিভিন্ন উলামা ও ইমামগণরা।

এ সময় বক্তারা আদর্শ সমাজ গঠনের জন্য বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখে।